রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ১০, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৪৬-আইন/২০২৩।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'টি গার্ডেন' শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-খ এবং তফসিল-গ এ বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, তফসিল-ঙ এ বর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**
**উৎপাদনের ভিত্তিতে চা বাগানের শ্রেণি বিভাগ**

| ক্রমিক নম্বর | এলাকা | চা বাগানের শ্রেণি বিভাগ | চা উৎপাদনের পরিমাণ/বিবরণ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলায় অবস্থিত চা বাগান | এ-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১৮০০০০ (এক লক্ষ আশি হাজার) কিলোগ্রাম বা অধিক চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |
| | | বি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১০৮০০০ (এক লক্ষ আট হাজার) কিলোগ্রাম বা অধিক কিন্তু ১৮০০০০ (এক লক্ষ আশি হাজার) কিলোগ্রামের নিম্নে চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |
| | | সি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১০৮০০০ (এক লক্ষ আট হাজার) কিলোগ্রামের নিম্নে চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |


**মূল্য :** টাকা ১২·০০

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২। | চট্টগ্রাম, রাঙ্গামাটি ও অন্যান্য জেলায় অবস্থিত চা বাগান | এ-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১১৩০০০ (এক লক্ষ তেরো হাজার) কিলোগ্রাম বা অধিক চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |
| | | বি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ৪৫০০০ (পঁয়তাল্লিশ হাজার) কিলোগ্রাম বা অধিক কিন্তু ১১৩০০০ (এক লক্ষ তেরো হাজার) কিলোগ্রামের নিম্নে চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |
| | | সি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ৪৫০০০ (পঁয়তাল্লিশ হাজার) কিলোগ্রামের নিম্নে চা উৎপাদিত হয় এইরূপ চা বাগান। |

**তফসিল-খ**

**শ্রমিকের নিম্নতম মজুরী হার (মাসিক/দৈনিক ভিত্তিতে)**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদ বিন্যাস ও শ্রেণি বিভাগ | চা বাগানের শ্রেণি বিভাগ | মজুরী স্কেল/দৈনিক মজুরী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | **গ্রেড-১:**<br>১। ইলেকট্রিশিয়ান<br>২। ড্রেসার | এ-শ্রেণি<br>বি-শ্রেণি<br>সি-শ্রেণি | টাকা ৮৬৫০-১৪০৯০ |
| ২। | **গ্রেড-১:**<br>১। সর্দার<br>২। মিস্ত্রী<br>৩। লেদ অপারেটর<br>৪। ধাই<br>৫। পিওন/মেসেঞ্জার | এ-শ্রেণি<br>বি-শ্রেণি<br>সি-শ্রেণি | টাকা ৮৫৫০-১৩৯২৭ |
| ৩। | **গ্রেড-২:**<br>১। চা বাগান স্থায়ী শ্রমিক<br>২। সাময়িক/ক্যাজুয়াল শ্রমিক | এ-শ্রেণি | দৈনিক ১৭০.০০ টাকা |
| | | বি-শ্রেণি | দৈনিক ১৬৯.০০ টাকা |
| | | সি-শ্রেণি | দৈনিক ১৬৮.০০ টাকা |

**তফসিল-গ**

**কর্মচারীর নিম্নতম মজুরী হার (মাসিক ভিত্তিতে)**

| ক্রমিক নম্বর | কর্মচারী পদ বিন্যাস ও শ্রেণি বিভাগ | চা বাগানের শ্রেণি বিভাগ | মজুরী স্কেল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | গ্রেড-১: হেড ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৬৯৩৬—২৭৫৮৭ |
| | | বি- শ্রেণি | টাকা ১৬৪৬৫—২৬৮২০ |
| | | সি- শ্রেণি | টাকা ১৫৮১৫—২৫৭৬১ |
| ২। | গ্রেড-১: ক্লার্ক আই/সি আউট গার্ডেন | এ- শ্রেণি | টাকা ১৬৫১১—২৬৮৯৫ |
| | | বি- শ্রেণি | টাকা ১৬১২৪—২৬২৬৪ |
| | | সি- শ্রেণি | টাকা ১৫৪৯৯—২৫২৪৬ |
| ৩। | গ্রেড-১: হেড ফ্যাক্টরি ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৬৩০৭—২৬৫৬২ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫৯১৫—২৫৯২৪ |
| | | সি- শ্রেণি | টাকা ১৫৩০৭—২৪৯৩৩ |
| ৪। | গ্রেড-১: হেড টিলা ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫৯১৫—২৫৯২৪ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫৪৪২—২৫১৫৩ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৯১০—২৪২৮৭ |
| ৫। | গ্রেড-১: মেকানিক | সকল চা বাগান | টাকা ১৬৩৯৯—২৬৭১২ |
| ৬। | গ্রেড-২: সেকেন্ড অফিস ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫৮৩১—২৫৭৮৭ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫৩৯৯—২৫০৮৩ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৮৮৭—২৪২৪৯ |
| ৭। | গ্রেড-২: স্টোর ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫৮৩১—২৫৭৮৭ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫৩৯৯—২৫০৮৩ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৮৮৭—২৪২৪৯ |
| ৮। | গ্রেড-২: সেকেন্ড ফ্যাক্টরি ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫৪৯৯—২৫২৪৬ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫১৮৫—২৪৭৩৫ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৬৪১—২৩৮৪৯ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৯। | গ্রেড-২:<br>সেকেন্ড টিলা ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫২২১—২৪৭৯৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৮৩১—২৪১৫৮ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৩৬৪—২৩৩৯৭ |
| ১০। | গ্রেড-২:<br>থার্ড অফিস ক্লার্ক/থার্ড টিলা ক্লার্ক/ থার্ড ফ্যাক্টরি ক্লার্ক/ হাজিরী/পিএফ ক্লার্ক | এ- শ্রেণি | টাকা ১৫০০০—২৪৪৩৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৬২১—২৩৮১৬ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪২৮২—২৩২৬৪ |
| ১১। | গ্রেড-২:<br>স্কুল মাস্টার (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | টাকা ১৫৩৮৮—২৫০৬৫ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৯৯৭—২৪৪২৯ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৬১২—২৩৮০১ |
| ১২। | গ্রেড-২:<br>কম্পাউন্ডার/ফার্মাসিস্ট (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | টাকা ১৫৬২৫—২৫৪৫১ |
| | | বি- শ্রেণি | টাকা ১৫০৫৮—২৪৫২৮ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৫৬২—২৩৭২০ |
| ১৩। | গ্রেড-৩:<br>ধাত্রী (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | টাকা ১৫০০০—২৪৪৩৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৬১৭—২৩৮১০ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪১৮৮—২৩১১১ |
| ১৪। | গ্রেড-৩:<br>কম্পাউন্ডার (প্রশিক্ষণবিহীন) | এ- শ্রেণি | টাকা ১৫২২১—২৪৭৯৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৮৩১—২৪১৫৮ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৩৮৫—২৩৪৩২ |
| ১৫। | গ্রেড-৩:<br>মেলেরিওলোজিস্ট (malariologist) | এ- শ্রেণি | টাকা ১৫০০০—২৪৪৩৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৬১৭—২৩৮১০ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪১৯১—২৩১১৬ |
| ১৬। | গ্রেড-৩:<br>স্কুল মাস্টার (প্রশিক্ষণবিহীন) | এ- শ্রেণি | টাকা ১৫২২১—২৪৭৯৩ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৮৩১—২৪১৫৮ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪৩৮৫—২৩৪৩২ |
| ১৭। | গ্রেড-৪:<br>ধাত্রী (রেডক্রস) | এ- শ্রেণি | টাকা ১৪৭৪১—২৪০১২ |
| | | বি- শ্রেণি | টাকা ১৪৩৮৫—২৩৪৩২ |
| | | সি- শ্রেণি | টাকা ১৪০৮১—২২৯৩৬ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৮। | গ্রেড-৪:<br>ফিটার/কার্পেন্টার/মেসন/<br>ফার্নেস লাইনার | সকল চা বাগান | টাকা ১৪২৫১—২৩২১৩ |
| ১৯। | গ্রেড-৪:<br>মটর মেকানিক/<br>ইলেকট্রিশিয়ান<br>(লাইসেন্সধারী)/ওয়েল্ডার<br>(প্রশিক্ষণপ্রাপ্ত)/ সার্ভেয়ার/<br>জমিদারী ক্লার্ক/ টার্নার<br>লেদ অপারেটর | সকল চা বাগান | টাকা ১৪৮৩১—২৪১৫৮ |
| ২০। | **গ্রেড-৪:**<br>বয়লার এটেনডেন্ট | সকল চা বাগান | টাকা ১৪৬৪২—২৩৮৫০ |
| ২১। | **গ্রেড-৪:**<br>ড্রাইভার মেকানিক | সকল চা বাগান | টাকা ১৪২৫১—২৩২১৩ |
| ২২। | **গ্রেড-৫:**<br>সিনিয়র ড্রাইভার | সকল চা বাগান | টাকা ১২১২০—১৯৭৪২ |
| ২৩। | **গ্রেড-৬:**<br>জুনিয়র ড্রাইভার | সকল চা বাগান | টাকা ১০০২০—১৬৩২২ |

**তফসিল-ঘ**

**সুযোগ ও সুবিধা**

| ক্রমিক নম্বর | সুযোগ ও সুবিধা | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | আবাসন | (ক) শ্রমিক ও তাহার পরিবার নিম্নরূপ আবাসন সুবিধা প্রাপ্ত হইবেন, যথা :—<br>(অ) চা বাগানের অভ্যন্তরে শ্রমিক পরিবারভিত্তিক আবাসন সুবিধা পূর্বের ন্যায় বহাল থাকিবে;<br>(আ) কোনো শ্রমিক বিবাহিত হইলে বাগান কর্তৃপক্ষ কর্তৃক ঘর প্রদানের ব্যবস্থা পূর্বের ন্যায় বহাল থাকিবে; এবং<br>(ই) কোনো শ্রমিকের মৃত্যু হইলে বা অবসর গ্রহণ করিলে তাহার পরিবারের ১ (এক) জন মেয়ে বা ছেলে বাগানের শ্রমিক হিসাবে নিয়োগের প্রথা বলবৎ থাকিবে এবং উক্ত শ্রমিকের নামে বরাদ্দকৃত ঘরটি মেয়ে বা ছেলের নামে বরাদ্দ ব্যবস্থা পূর্বের ন্যায় বাগান কর্তৃপক্ষ কর্তৃক বহাল থাকিবে;<br>(খ) কর্মচারী এবং তাহার পরিবারের জন্য চা বাগানের অভ্যন্তরে আবাসন ব্যবস্থা পূর্বের ন্যায় বহাল থাকিবে। |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ২। | শৌচাগার ও প্রক্ষালন কক্ষ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশা ও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫৯ অনুযায়ী শ্রমিক ও কর্মচারীর জন্য শৌচাগার ও প্রক্ষালন কক্ষ নির্মাণ করিবার ব্যবস্থা চলমান থাকিবে। |
| ৩। | টিউবওয়েল বা কুয়া | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫৮ অনুযায়ী আগামী ১ (এক) বৎসরের মধ্যে প্রতি ২০ (বিশ) টি ঘরের জন্য ১ (এক) টি টিউবওয়েল বা কুয়ার ব্যবস্থা থাকিবে। |
| ৪। | গ্র্যাচুইটি | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২৬ ও ২৭ মোতাবেক কর্মচারী চাকরির ন্যূনতম মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্ণ করা সাপেক্ষে প্রতি বৎসর চাকরির জন্য ১ (এক) মাসের মূল বেতন গ্র্যাচুইটি হিসাবে প্রাপ্য হইবেন এবং শ্রমিক বর্তমান প্রচলিত প্রথা মোতাবেক গ্র্যাচুইটির স্থলে যে পেনশন ভাতা পান উহা বহাল থাকিবে। |
| ৫। | উৎসব ভাতা | (ক) শ্রমিক স্ব সম্প্রদায়ের প্রধান ২ (দুই) টি উৎসবে প্রাপ্ত ১ (এক) মাসের মূল মজুরীর [দৈনিক ভিত্তিতে শ্রমিকের ক্ষেত্রে ৪৭ (সাতচল্লিশ) কর্ম দিবসের মূল মজুরী] অর্ধাংশ প্রথম উৎসবে এবং অবশিষ্ট অর্ধাংশ দ্বিতীয় উৎসবে প্রাপ্য হইবেন; এবং<br>(খ) কর্মচারী প্রচলিত প্রথায় বা বোনাস স্কিম অনুযায়ী উৎসব ভাতা প্রাপ্য হইবেন। |
| ৬। | অধিকাল ভাতা | শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৮ অনুযায়ী ৮ (আট) ঘণ্টার পর অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রাপ্য হইবেন। |
| ৭। | মাতৃত্বকালীন ভাতা | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৪৬ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি ১২০ (একশত বিশ) দিনসহ ভাতা প্রদান অব্যাহত থাকিবে। |
| ৮। | ধানী জমি হইতে রেশন | শ্রমিককে বণ্টনকৃত ধানী জমি হইতে প্রচলিত নিয়মে রেশন কর্তিত হইবে। |
| ৯। | ভর্তুকি মূল্যে রেশন | প্রচলিত নিয়মে প্রত্যেক শ্রমিক ও তাহার পোষ্যের ভর্তুকি মূল্যে প্রতি কেজি চাল বা আটা ২ (দুই) টাকা হারে সরবরাহের ব্যবস্থা চলমান থাকিবে। |
| ১০। | চিকিৎসা | শ্রমিক, কর্মচারী ও তাহার পরিবারকে বিনামূল্যে চিকিৎসা প্রদানের ব্যবস্থা চলমান থাকিবে। |
| ১১। | গ্রুপ বীমা | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৯৯ অনুযায়ী স্থায়ী শ্রমিকের জন্য বাধ্যতামূলক গ্রুপ বীমা চালুকরণ। |
| ১২। | কোম্পানির মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ | প্রত্যেকটি চা বাগানের চা বিক্রয়ের মোট অর্থের ০.০৩% (নিলাম অথবা ডাইরেক্ট যেভাবে বিক্রয় হউক না কেন) শ্রমিকের জন্য অংশগ্রহণ ভিত্তিক মুনাফার অংশ হিসাবে প্রতি বৎসর এক বার প্রদেয় হইবে:<br>তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক তহবিল গঠন বিষয়ে আইন ও বিধিমালা প্রণয়নের গেজেট প্রকাশ সাপেক্ষে কোম্পানির মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ সুবিধা চালু হইবে। |

## তফসিল-ঙ

## শর্তাবলি

১। এই তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার 'টি গার্ডেন' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে শিল্প সেক্টরের মালিক তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত পদ বিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টার ভুক্তকরণ মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত মজুরী মাসিক বা দৈনিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে উহা হ্রাস করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, শ্রমিক ও কর্মচারীগণ তফসিল-ঘ এ উল্লিখিত সুযোগ ও সুবিধা প্রাপ্য হইবেন।

৬। নিয়োগকর্তা বা মালিক পক্ষ বিবেচনা করিলে স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে অধিকহারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "টি গার্ডেন" শিল্প সেক্টরের বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন এর সাথে মালিকপক্ষের প্রতিনিধিত্বকারী বাংলাদেশীয় চা সংসদ প্রতি ০২ (দুই) বৎসর অন্তর সুযোগসুবিধা ও উৎপাদনশীলতা বিষয়ে সমঝোতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৮। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১১ এর উপ-বিধি (৫) এর দ্বিতীয় শর্তাংশের বিধান বাৎসরিক মজুরী বৃদ্ধির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

**ব্যাখ্যা**।—(ক) যদি একজন শ্রমিকের মূল মজুরী ৮৫৫০/- (আট হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৮৯৭৭.৫০ (আট হাজার নয়শত সাতাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ৮৯৭৭.৫০ (আট হাজার নয়শত সাতাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৯৪২৬.৩৮ (নয় হাজার চারশত ছাব্বিশ টাকা আটত্রিশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

(খ) যদি একজন শ্রমিকের মূল মজুরী ১৭০/- (একশত সত্তর) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরীর ১৭৮.৫০ (একশত আটাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ১৭৮.৫০ (একশত আটাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ১৮৭.৪৩ (একশত সাতাশি টাকা তেতাল্লিশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

৯। শিল্প সেক্টরে পরিদর্শনকালে বিভিন্ন 'টি গার্ডেন' এ শ্রমিকের উৎপাদনশীলতার মধ্যে তারতম্য থাকিলে উক্ত তারতম্যের মধ্যে সমন্বয় সাধন করিতে হইবে।

১০। কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে উক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন এবং শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনার ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিক ও কর্মচারীর জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

১১। শর্ত ১০ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১২। শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত হারে ও এই তফসিলে উল্লিখিত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১৩। তফসিল-খ ও তফসিল-গ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও ভাতা ছাড়াও শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ ও সুবিধা এবং ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১৪। শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ভাতা এবং সুযোগ ও সুবিধা প্রাপ্য হইবেন।

১৫। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd